

## নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অনুমোদিত বেসরকারী বিশ্ববিদ্যালয় হইতে উত্তীর্ণ ০২(দুই) বছর মেয়াদী এলএল.বি (পাশ) কোর্সের নিম্নলিখিত প্রার্থীগণ বার কাউন্সিল হইতে সিডিউল মোতাবেক ধারাবাহিকভাবে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করিতে পারিবেনঃ-

- ০১। যাহারা ০৮-০২-২০১৭ ইং তারিখের পূর্বে অনুমোদিত বেসরকারী বিশ্ববিদ্যালয় হইতে ০২(দুই) বছর মেয়াদী এলএল.বি (পাশ) কোর্স সম্পন্ন করিয়াছেন এবং উক্ত তারিখের পূর্বে বার কাউন্সিলে ইন্টিমেশন ফরম যথাযথ ভাবে দাখিল করিয়াছেন;
- ০২। ০২-০৬-২০১৭ ইং তারিখের পূর্বে যাহারা তাহাদের পিউপিলেজ পিরিয়ড ০৬ (ছয়) মাস অর্থাৎ ১৮০ (একশত আশি) দিন অতিবাহিত করিয়াছেন;
- ০৩। অনুমোদিত বিশ্ববিদ্যালয় বলিতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)/শিক্ষা মন্ত্রণালয়/মহামান্য সুপ্রীমকোর্ট/বার কাউন্সিল/এনরোলমেন্ট কমিটি কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস বুঝাইবে।
- ০৪। পুনরায় রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্তির ক্ষেত্রে প্রার্থীর পূর্বের রেজিস্ট্রেশন কার্ড/প্রবেশপত্র এবং স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস হইতে প্রত্যয়নপত্র সংগ্রহ করিয়া মূল কপি দাখিল করিতে হইবে। প্রত্যয়নপত্র যথাযথ কর্তৃপক্ষ (রেজিস্টার ও আইন বিভাগের প্রধান/ডীন) কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।
- ০৫। অত্র নোটিশের সহিত সংযুক্ত 'নমুনা ফরম'টি ডাউনলোড করিয়া উল্লেখিত কাগজপত্রাদি (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করিতে হইবে।
- ০৬। অত্র নোটিশটি বার কাউন্সিলের নোটিশ বোর্ড এবং বার কাউন্সিলের অফিসিয়াল ওয়েবসাইট ([www.barcouncil.gov.bd](http://www.barcouncil.gov.bd)) হইতে অবহিত হইতে পারিবেন।

## অযোগ্যতাঃ

- (ক) বার কাউন্সিলের বিধি বহির্ভূত কোন প্রার্থী রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্ত হইবেন না। মিথ্যা তথ্য/বিতর্কিত/ভুয়া/জাল সার্টিফিকেট দাখিল করিয়া রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্ত হইলে তাহা পরবর্তীতে বাতিল করা হইবে।
- (খ) উপরোল্লিখিত (০১-০৬) শর্তাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, কোন প্রার্থীর রেজিস্ট্রেশন কার্ড কোনো কারণ দর্শাণে ব্যতিরেকে প্রদান/বাতিলের ক্ষমতা বার কাউন্সিল সংরক্ষণ করে।
- (গ) উপরোল্লিখিত (০১-০৬) শর্তাদি সংযোজন/বিয়োজন হইলে তাহা বার কাউন্সিলের অফিসিয়াল ওয়েবসাইট ([www.barcouncil.gov.bd](http://www.barcouncil.gov.bd)) হইতে অবহিত হইতে পারিবেন।

বিঃ দ্রঃ অত্র নোটিশ প্রকাশের ০২(দুই) কার্যদিবসের মধ্যে বিশ্ববিদ্যালয় অনুযায়ী (University Wise) বিস্তারিত তালিকা বাংলাদেশ বার কাউন্সিলের অফিসিয়াল ওয়েব সাইটে প্রকাশিত হইবে। নোটিশে উল্লেখিত নির্দেশনা অনুযায়ী প্রার্থীগণ বার কাউন্সিলে উপস্থিত হইয়া রেজিস্ট্রেশন সংক্রান্ত কার্যক্রম (নির্দেশনা ও সিডিউল) মোতাবেক সম্পাদন করিবেন।

মোহাম্মদ আনিসুর রহমান  
সচিব  
(জেলা ও দায়রা জজ)  
বাংলাদেশ বার কাউন্সিল

One copy  
Passport Size  
Colour Photo  
(Attach Here)

## Sample Form

[To Collect Registration Card]

1. Name of the applicant (In block letter) : .....
2. Father's Name : .....
3. Name of Pupil Master (Senior) : .....
4. Intimation Form Submission Date  
(Pupilage Registration Form) : .....
5. Mobile Number : .....
6. Academic qualifications:

| Name of the Examination<br>(starting from SSC or equivalent) | Year of<br>Passing | Semester | Roll No./ID | Board/University | Division/Class<br>/ CGPA |
|--|--------------------|----------|-------------|------------------|--------------------------|
|  |                    |          |             |                  |                          |
|  |                    |          |             |                  |                          |
|  |                    |          |             |                  |                          |
|  |                    |          |             |                  |                          |

**Declaration:** All information given above is true to my best of knowledge, and I take the full responsibility for any type of misinformation and also knowing that in that case the *Bar Council Registration* will stand cancelled.

Date: .....

.....  
Signature of the Applicant

Enclosure:

1. Attested copies of LL.B Certificate and Mark Sheet.